

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
 হাজীগঞ্জ, চাঁদপুর
hajiganj.chandpur.gov.bd

শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ উদ্যাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি	৪ মো. ইবনে আল জায়েদ হোসেন উপজেলা নির্বাহী অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর।
সভার তারিখ ও সময়	৪ ১৭.০২.২০২৫ খ্রি., সকাল ১০:৩০ ঘটিকা
ছান	৪ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, হাজীগঞ্জ, চাঁদপুর।
উপস্থিত সদস্যবৃন্দ	৪ পরিশিষ্ট 'ক' স্বাক্ষরের ত্রুমানুযায়ী দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভার শুরুতে ভাষা আন্দোলনে সকল শহিদদের অবদান এবং জুলাই'২৪ এর আন্দোলনে সকল শহিদ ও আহতদের শ্রদ্ধাভরে স্মরণ করেন এবং বিন্দু শ্রদ্ধা জ্ঞাপন করেন। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

অতঃপর মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ যথাযোগ্য মর্যাদায় উদ্যাপনের লক্ষ্যে গত বছরের গৃহীত কর্মসূচী এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়।

বিগত বছরের কর্মসূচী ও কেন্দ্রীয় কর্মসূচির আলোকে যথাযোগ্য মর্যাদায় শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ উদ্যাপনের কর্মসূচী প্রণয়নের জন্য উপস্থিত সদস্যদের মধ্যে উন্নোক্ত আলোচনা করা হয়। বিজ্ঞারিত আলোচনার পর সর্বসমতিক্রমে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস এই উপজেলায় যথাযোগ্য মর্যাদায় উদ্যাপনের জন্য নির্ণোক্ত কর্মসূচী গ্রহণ করা হয়।

তারিখ ও সময়	গৃহীত কর্মসূচী	ছান	বাস্তবায়নে
২০ ফেব্রুয়ারি ২০২৫ সকাল ১০:৩০ ঘটিকায়	প্রাথমিক পর্যায়ে চিত্রাংকন ও সুন্দর হাতের লেখা এবং মাধ্যমিক পর্যায়ে চিত্রাংকন, কবিতা আবৃত্তি ও শুন্দ বানান প্রতিযোগিতা।	উপজেলা পরিষদ মিলনায়তন, হাজীগঞ্জ	সংশ্লিষ্ট উপ-কমিটি
২১ ফেব্রুয়ারি ২০২৫ রাত ১২:০১মিনিট (২০ ফেব্রুয়ারি দিবাগত রাত)	শহিদ মিনারে ভাষা শহিদদের শ্রদ্ধা জানিয়ে পুস্তক অর্পণ।	কেন্দ্রীয় শহিদ মিনার (হাজীগঞ্জ পৌরসভা সংলগ্ন)	সকল সরকারি/আধা সরকারি সাম্যত্ব শাসিত অফিস/রাজনৈতিক দল ও অন্যান্য দল/বিভিন্ন সংগঠন ও অন্যান্য প্রতিষ্ঠান।
২১ ফেব্রুয়ারি ২০২৫ সূর্যোদয়ের সাথে সাথে	সকল অফিস/ শিক্ষা প্রতিষ্ঠান/ সরকারি/ আধা সরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/ বেসরকারি প্রতিষ্ঠান ও বাসতবনে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা।	স্ব স্ব প্রতিষ্ঠান	স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান
২১ ফেব্রুয়ারি ২০২৫ (ভোর ৬:০০ ঘটিকা)	উপজেলার সকল স্কুল/কলেজ/মাদ্রাসা ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ ও শিক্ষকবৃন্দ নিজ নিজ প্রতিষ্ঠানে স্ব-স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক দিবসটি উদ্যাপন এবং প্রভাত ফেরির ব্যবস্থা গ্রহণ করবে।	স্ব স্ব প্রতিষ্ঠান	স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান
২১ ফেব্রুয়ারি ২০২৫ সুবিধাজনক সময়ে	উপজেলার সকল মসজিদ/মন্দির/গীর্জা ও অন্যান্য উপাসনালয়ে ভাষা শহিদদের কর্তৃত মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত ও প্রার্থনা।	মসজিদ/মন্দির ও উপাসনালয়	ইসলামিক ফাউন্ডেশন/ইউনিয়ন চেয়ারম্যান/ স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান
২১ ফেব্রুয়ারি ২০২৫ সকাল ১০:০০টা	শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ উপলক্ষ্যে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ এবং সাংস্কৃতিক অনুষ্ঠান।	উপজেলা সম্মেলন কক্ষ, হাজীগঞ্জ	সংশ্লিষ্ট উপ-কমিটি

৪৪

শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ উদ্যাপনের লক্ষ্যে নিম্নোক্ত উপ-কমিটি গঠন করা হলো।

(ক) পুষ্পস্তবক অর্পণের লক্ষ্যে আইন-শৃঙ্খলা উপ-কমিটি (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। অফিসার-ইনচার্জ, হাজীগঞ্জ থানা, হাজীগঞ্জ, চাঁদপুর।	আহবায়ক
২। উপজেলা প্রকৌশলী, হাজীগঞ্জ, চাঁদপুর।	সদস্য
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর।	সদস্য
৪। উপজেলা শিক্ষা অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর।	সদস্য
৫। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হাজীগঞ্জ, চাঁদপুর।	সদস্য
৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হাজীগঞ্জ, চাঁদপুর।	সদস্য
৭। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর।	সদস্য
৮। সভাপতি/সাধারণ সম্পাদক, হাজীগঞ্জ প্রেসক্লাব, হাজীগঞ্জ, চাঁদপুর।	সদস্য

(খ) শিশুদের চিত্রাংকন কবিতা আবৃত্তি প্রতিযোগিতা উপ-কমিটি (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর।	আহবায়ক
২। উপজেলা শিক্ষা অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর।	সদস্য
৩। উপজেলা একাডেমিক সুপার ভাইজার, হাজীগঞ্জ, চাঁদপুর।	সদস্য
৪। সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর।	সদস্য
৫। সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), হাজীগঞ্জ, চাঁদপুর।	সদস্য

(গ) জাতীয় পতাকা অর্ধনমিত করণ তদারকি কমিটি (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সহকারী কমিশনার (ভূমি), হাজীগঞ্জ, চাঁদপুর।	আহবায়ক
২। অফিসার-ইনচার্জ, হাজীগঞ্জ থানা, চাঁদপুর।	সদস্য
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর।	সদস্য
৪। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর।	সদস্য
৫। জনাব আনোয়ার হোসেন পাটওয়ারী, বীর মুক্তিযোদ্ধা, হাজীগঞ্জ, চাঁদপুর।	সদস্য
৬। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর।	সদস্য
৭। চেয়ারম্যান,(সকল) ইউনিয়ন পরিষদ, হাজীগঞ্জ, চাঁদপুর।	সদস্য

(ঘ) আলোচনা সভা উপ-কমিটি(জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। উপজেলা কৃষি অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর।	আহবায়ক
২। উপজেলা প্রাণি সম্পদ অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর।	সদস্য
৩। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হাজীগঞ্জ, চাঁদপুর।	সদস্য
৪। উপজেলা সমাজসেবা অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর।	সদস্য
৫। জনস্বাস্থ্য প্রকৌশলী, হাজীগঞ্জ, চাঁদপুর।	সদস্য
৬। উপজেলা যুব উন্নয়ন অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর।	সদস্য

(ঙ) সাংস্কৃতিক উপ-কমিটি (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সাধারণ সম্পাদক, উপজেলা শিল্পকলা একাডেমি, হাজীগঞ্জ, চাঁদপুর।	আহবায়ক
২। একাডেমিক সুপার ভাইজার, হাজীগঞ্জ, চাঁদপুর।	সদস্য
৩। জনাব গাজী সালা উদ্দিন, হাজীগঞ্জ, চাঁদপুর।	সদস্য
৪। জনাব নিহার রঞ্জন হালদার (মিলন), অধ্যক্ষ, বিবেকানন্দ বিদ্যাপীঠ, হাজীগঞ্জ, চাঁদপুর	সদস্য
৫। উপজেলা শিল্পকলা একাডেমির সকল সদস্য	সদস্য

গৃহীত সিদ্ধান্তসমূহ

১। সভায় প্রশাসক, হাজীগঞ্জ পৌরসভাকে ২১শে ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. এর পূর্বেই শহিদ মিনার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং পৌরসভার সামনের সড়কসহ শহিদ মিনারের প্রবেশ পথে আলপনা ডিজাইন আঁকার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ জানানো হয়।

২। উপজেলায় সকল কর্মকর্তা/কর্মচারীকে পুষ্পস্তবক অর্পণসহ আলোচনা সভা ও অন্যান্য কর্মসূচীতে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।

৩। সকল শিক্ষা প্রতিষ্ঠানে শহিদ মিনার স্থাপনের জন্য স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিজস্ব কর্মসূচি প্রনয়নপূর্বক বাস্তবায়ন করবেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবং উপজেলা শিক্ষা কর্মকর্তা, হাজীগঞ্জ বিষয়টি তদারকি করবেন।

৪। শিশুদের নিয়ে চিত্রাংকন, সঙ্গীত, কবিতা আবৃত্তি, সুন্দর হাতের প্রতিযোগিতার উপকরণ ও পুরস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার, হাজীগঞ্জ-কে অনুরোধ জানানো হয়।

৫। হাজীগঞ্জ পৌরসভা এলাকায় বর্ণমালা সম্বলিত ফেস্টুন দ্বারা সজ্জিত করার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে প্রশাসক, হাজীগঞ্জ পৌরসভা এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও সংগঠনের প্রধানগণকে অনুরোধ জানানো হয়।

৬। জাতীয় পতাকা নির্দিষ্ট পরিমাপের, যথাযথভাবে সোজা ও পরিষ্কার, মজবুত খুঁটিতে, সঠিক নিয়মে ও সঠিক মাপে অর্ধনমিত করে উড়াতে হবে। এই বিষয়টি নজরদারী করার জন্য জাতীয় পতাকা অর্ধনমিতকরণ তদারকি কমিটিকে অনুরোধ জানানো হয়।

৭। হাজীগঞ্জ পৌরসভা সংলগ্ন কেন্দ্রীয় শহিদ মিনার প্রাঙ্গনে পর্যাপ্ত পুলিশ ফোর্স ও আনসার সদস্য মোতায়েন করার জন্য অফিসার ইনচার্জ, হাজীগঞ্জ থানা ও উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

৮। সকল কর্মসূচিতে সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য জেনারেল ম্যানেজার, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, হাজীগঞ্জ, চাঁদপুরকে অনুরোধ জানানো হয়।

৯। স্ব-স্ব ইউনিয়নে দিবসের সাথে তাৎপর্য রেখে নিজস্ব কর্মসূচি প্রনয়ন পূর্বক যথাযথ মর্যাদায় মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ উদ্যাপন করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)কে অনুরোধ জানানো হয়।

পরিশেষে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৫ উদ্যাপনের লক্ষ্যে গৃহীত কর্মসূচি সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের ঐকাত্তিক সহযোগিতা প্রত্যাশা করে এবং প্রণীত কর্মসূচিতে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণে সংশ্লিষ্ট উপ-কমিটি সমূহের সকল সদস্যকে তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করে গৃহীত কর্মসূচি সর্বাঙ্গীণ সুন্দর ও সফলভাবে বাস্তবায়নের আহ্বান জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো. ইবনে আল জায়েদ হোসেন)

উপজেলা নির্বাহী অফিসার

হাজীগঞ্জ, চাঁদপুর

ও

সভাপতি

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ উদ্যাপন কমিটি
মোবাইল: ০১৭৩০-০৬৭০৭২

Email: unohajigonjchandpur@gmail.com

স্মারক নং ০৫.৪২.১৩৪৯.০০০.১৩.০০৩.২৫-

তারিখ: ১৬/০২/২০২৫ খ্রি।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যোত্তর ক্রমানুসারে নয়):

১। জেলা প্রশাসক, চাঁদপুর।

২। প্রশাসক, উপজেলা পরিষদ, হাজীগঞ্জ, চাঁদপুর।

- ৩। প্রশাসক, হাজীগঞ্জ পৌরসভা, চাঁদপুর।
 ৪। অতিরিক্ত পুলিশ সুপার, হাজীগঞ্জ সার্কেল, হাজীগঞ্জ, চাঁদপুর।
 ৫। সহকারী কমিশনার (ভূমি), হাজীগঞ্জ, চাঁদপুর।
 ৬। অফিসার ইনচার্জ, হাজীগঞ্জ থানা, চাঁদপুর।
 ৭। জেনারেল ম্যানেজার, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, হাজীগঞ্জ, চাঁদপুর।
 ১৮। উপজেলা.....কর্মকর্তা, (সকল), হাজীগঞ্জ, চাঁদপুর।
 ১৯। চেয়ারম্যান,.....ইউপি (সকল), হাজীগঞ্জ, চাঁদপুর।
 ১০। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার,.....কলেজ/মাদ্রাসা/উচ্চ বিদ্যালয়, হাজীগঞ্জ, চাঁদপুর।
 ১১। সভাপতি/সাধারণ সম্পাদক,....., হাজীগঞ্জ, চাঁদপুর।
 ১২। জনাব....., হাজীগঞ্জ, চাঁদপুর।
 ১৩। অফিস কপি।



উপজেলা নির্বাহী অফিসার
হাজীগঞ্জ, চাঁদপুর